আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের নিকট কষ্টে ও আরামে; স্বাচ্ছন্দ্যে ও অপছন্দে এবং আমাদের উপর অন্যকে অগ্রাধিকার দিলেও (আমীরের) কথা শোনা ও মানার উপর বাই’আত করেছি

’উবাদাহ ইবনু সামিত রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের নিকট কষ্টে ও আরামে; স্বাচ্ছন্দ্যে ও অপছন্দে
এবং আমাদের উপর অন্যকে অগ্রাধিকার দিলেও (আমীরের) কথা শোনা ও মানার উপর বাই’আত
করেছি। আরও বাই’আত করেছি যে, আমরা ক্ষমতাসীনদের সঙ্গে ক্ষমতা নিয়ে টানাটানি করব না।
এবং যেখানেই থাকি না কেন হক্ব বলব এবং আল্লাহর ক্ষেত্রে কোনো নিন্দুকের নিন্দার
ভয় করব না।
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম সাহাবীগণের কাছ থেকে সহজে ও কঠিনে; সচ্ছলতা ও অভাবে ক্ষমতাসীন ও শাসকদের আনুগত্য করার শপথ ও অঙ্গীকার নিয়েছেন; তাদের আদেশগুলো মন পছন্দ করুক বা অপছন্দ করুক, এমনকি যদিও শাসকগণ সাধারণ জনগণের সম্পদ অথবা পদ-পদবী অথবা অন্য কিছুর ব্যাপারে প্রজাদের উপর নিজেদেরকে প্রধান্য দেয়, তবু তাদের কথা শোনা ও সুন্দরভাবে তাদের আনুগত্য করা ওয়াজিব।আরো অঙ্গীকার নিয়েছেন যে, তাদের বিরুদ্ধে বিদ্রোহ করবে না। কারণ, তাদের বিরুদ্ধে বিদ্রোহ করার ক্ষতি ও অনিষ্ট তাদের অন্যায় থেকে সৃষ্ট ক্ষতি ও অনিষ্ট থেকে অনেক বড় ও গুরুতর। তাদের থেকে আরো প্রতিশ্রুতি নিয়েছেন যে, তারা যেখানে থাকবে একনিষ্ঠভাবে আল্লাহর জন্যে হক্ব বলবে এবং কোনো নিন্দুকের নিন্দাকে পরোয়া করবে না।

http://sunnah.global/hadeeth/bn/show/3061